69

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 3 1. 1999 ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৪ ......

নিন্দা ও ঘৃণা প্রকাশ অব্যাহত

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ধর্মবিদ্বেষী মহলের ষড়যন্ত্র কাজ করছে

স্টাফ রিপোর্টার ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের তীব্র নিন্দা ও ঘৃণা প্রকাশ করে বিভিন্ন সংগঠনের সভা-সমাবেশ ও বিবৃতি অব্যাহত রয়েছে।

বিবৃতিতে বলা হয়, আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

অধিকাংশগুলোতে যখন হানাহানি; হত্যা, গুম, পাশবিকতা ও নারী ধর্ষণের মত অপকর্ম হরদম চলছে সেখানে আদর্শ মানুষ তৈরীর শিক্ষা প্রতিষ্ঠান কওমী মাদ্রাসাসমূহের সুশৃঙ্খল শিক্ষা ব্যবস্থায় ঈর্ষান্বিত হয়ে একশ্রেণীর নাস্তিক বুদ্ধিজীবী মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রে মেতে উঠেছে। অন্যায়ভাবে মাদ্রাসা ছাত্র-শিক্ষকদের জেল জুলুম চলছে। এ অবস্থা চলতে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান ত্যাগ করতে হলে মাদ্রাসা ছাত্ররাও হয়তবা সন্ত্রাসী হয়ে রাজনীতিতে জড়িয়ে পড়তে পারে। ফলে তখন আর ভোঁটাভুটির সুযোগ না-ও থাকতে পারে।

'বেফাক' অফিসে ঢাকার মাদ্রাসাসমূহের মুহতামিম ও মসজিদের ইমামগণের সমন্বয়ে এক আলোচনা সভা মাওলানা মনসুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা কাজী মুতাসিম বিল্লাহ, মাওলানা হেফজুর রহমান, মাওলানা আব্দুল হক কাউসারী ও মাওলানা আব্দুল জব্বার প্রমুখ। সভায় বক্তাগণ আফগানিস্তানের হরতকাতুল জিহাদ আল-ইসলামীর কর্মতৎপরতার সাথে বাংলাদেশের কওমী মাদ্রাসাসমূহকে জড়িত করে কতিপয় পত্র-পত্রিকার দায়িত্বহীন ষড়যন্ত্রমূলক মিথ্যা বানোয়াট সংবাদ পরিবেশনার তীব্র নিন্দা করেন। তারা বলেন, এ ধরনের তৎপরতার পিছনে দেশের অভ্যন্তরে ঘাপটি মেরে থাকা ধর্ম বিদ্বেষী একটি মহলের ষড়যন্ত্র কাজ করছে।

বক্তাগণ বলেন, দেশের কওমী মাদ্রাসাসমূহ সকল প্রকার রাজনৈতিক কলহের উর্ধ্বে থেকে খালেস কুরআন-হাদীস শিক্ষার সুমহান দায়িত্ব আনজাম দানে নিরত রয়েছে। 'দেশকে ভালবাসা ঈমানের অঙ্গ'— এই ভিত্তিতে এদেশের আলেম-উলামা বাংলাদেশের স্বাধীনতায় বিশ্বাসী এবং দেশের ভালবাসায় উৎসর্গিত প্রাণ। সন্ত্রাস ও রাষ্ট্রদ্রোহিতা ঈমানের পরিপন্থী কাজ বলে বিশ্বাস করে এবং এ ধরনের যে কোন তৎপরতাকে ঘৃণা করে ও নিন্দা জানায়ঃ কওমী শিক্ষা প্রতিষ্ঠানসমূহই মূলত আদর্শ মানুষ ও সুনাগরিক তৈরীর কেন্দ্র— যেখানে আল্লাহ কর্তৃক ফরযকৃত শিক্ষা দান করা হয়। যেখানে বর্তমানে বলতে গেলে আধুনিক শিক্ষার অধিকাংশ প্রতিষ্ঠানে মারামারি, হানাহানি, হত্যা, জখম, পাশবিকতা ও নারী ধর্ষণের ন্যায় অপকর্ম হরদম চলছে, সেখানে আদর্শ মানুষ ও সুনাগরিক তৈরীর কেন্দ্র কওমী মাদ্রাসাসমূহের এহেন সুশৃংখল শিক্ষা ব্যবস্থায় ঈর্ষান্বিত হয়ে একশ্রেণীর নাস্তিক তথাকথিত বুদ্ধিজীবী মাদ্রাসা শিক্ষা ধ্বংসের যে ষড়যন্ত্রে মেতে উঠেছে তা সত্যিই দুঃখজনক।

বক্তাগণ আরো বলেন, আমরা দ্ব্যর্থহীনভাবে জানিয়ে দিতে চাই, হরকাতুল জিহাদ-এর সাথে বাংলাদেশের কওমী মাদ্রাসাসমূহের কোন সম্পর্ক নেই।